

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৬২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৮. ইমাম কিরাআত পড়তে আটকে গেলে মোক্তাদী তাকে স্মরণ করিয়ে দিবে

بَابُ تَلْقِينِ الْمَأْمُومِ لِإِمَامِهِ إِذَا وَقَفَ فِي قِرَاءَتِهِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، ثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ ، ثَنَا يَعْقُوبُ بْنُ مُحَمَّدٍ الزُّهْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي بْنِ كَعْبٍ قَالَ : ثَنَا عُمَرُ بْنُ نَجِيحٍ ، ثَنَا أَبُو مُعَاذٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي بْنِ كَعْبٍ قَالَ : صَلَّى رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ صَلَاةً فَقَرَأً سُورَةً فَأَسْقَطَ آيَةً مِنْهَا فَلَمَّا فَرَغَ قُلْتُ : يَا رَسُولُ اللَّهِ آيَةُ كَذَا وَكَذَا أَنُسِخَتْ قَالَ : " لَا " . قُلْتُ فَإِنَّكَ لَمْ تَقْرَأُهَا . قَالَ : " لَا " . قُلْتُ فَإِنَّكَ لَمْ تَقْرَأُها . قَالَ : " لَا قَلْلَ لَقَنْتَنِيهَا . " أَفَلَا لَقَنْتَنِيهَا

বাংলা

১৪৬২(৫). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... উবাই ইবনে কা'ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম নামায পড়লেন। তিনি (তাতে) একটি সূরা পড়েন এবং একটি আয়াত বাদ পড়ে যায়। তিনি নামায শেষ করলে পর আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! অমুক অমুক আয়াত কি রহিত (মনসূখ) হয়েছে। তিনি বলেনঃ না। আমি বললাম, আপনি অমুক আয়াত পড়েননি। তিনি বলেনঃ তোমরা আমাকে স্মরণ করিয়ে দাওনি কেন?

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবন কা'ব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন